## অধ্যায় ৫
## মূল্যবোধ ও আচরণ

### ❑ অধ্যায়টি পড়ে জানতে পারব

- মানুষের ভালো গুণাগুণ সম্পর্কে
- ভালো ও আদর্শ মানুষ হতে নৈতিক গুণাবলির প্রয়োজনীয়তা
- সামাজিক ও নৈতিক গুণ অর্জনের কৌশল
- ভালো কাজ করার ও মন্দ কাজ পরিহার করার প্রেরণা সম্পর্কে

### ❑ অধ্যায়টির মূলভাব জেনে নিই

সমাজের সদস্যদের মধ্যে ঐক্য, সহযোগিতা ও একসাথে মিলেমিশে চলার চর্চা থাকলে সুন্দর ও শান্তিপূর্ণ সমাজ গঠিত হয়। সমাজে আমরা কীভাবে চলব, অন্যের সাথে কেমন আচরণ করব এ-সম্পর্কিত নিয়মকানুন ও রীতিনীতি সামাজিক গুণাবলির মধ্যে পড়ে। অন্যদিকে সততা, নিষ্ঠা, ন্যায়বোধ, শিষ্টাচার, শৃঙ্খলাবোধ, কর্তব্যবোধ, দায়িত্ববোধ ইত্যাদি নৈতিক গুণও মানুষ হিসেবে আমাদের সবারই থাকা প্রয়োজন। এসব সামাজিক ও নৈতিক গুণ আমাদেরকে ভালো ও আদর্শ মানুষ হতে সাহায্য করে।

## অনুশীলনীর প্রশ্ন ও উত্তর

### ❑ অল্প কথায় উত্তর দাও :

**১. একটি নৈতিক গুণের নাম লেখ।**

**উত্তর :** একটি নৈতিক গুণের নাম হলো সততা।

**২. নম্র স্বভাবের মানুষ কেমন আচরণ করেন, তার একটি উদাহরণ দাও।**

**উত্তর:** নম্র স্বভাবের মানুষ ভালো আচরণ করেন। যেমন- আশরাফ সাহেব সবার সাথে নিচু স্বরে কথা বলেন।

**৩. তোমার একটি খারাপ স্বভাবের কথা লেখ যা তুমি পরিত্যাগ করতে চাও।**

**উত্তর:** আমার একটি খারাপ স্বভাব হলো সময়মতো কাজ শেষ না করা, যা আমি পরিত্যাগ করতে চাই।

**৪. রাস্তায় কিছু টাকা কুড়িয়ে পেলে তুমি কী করবে?**

**উত্তর:** রাস্তায় কিছু টাকা পেলে আমি সেগুলো প্রকৃত মালিককে দেওয়ার চেষ্টা করব, তাকে না পেলে টাকাগুলো নিকটবর্তী থানায় জমা দেব।

### ❑ প্রশ্নগুলোর উত্তর দাও :

**১. মূল্যবোধ ও আচরণের মধ্যে পার্থক্য কী?**

**উত্তর:** মূল্যবোধ হলো বিশ্বাস এবং আচরণ হলো তার প্রকাশ বা কাজ।

**২. নৈতিক গুণগুলোর মধ্যে কোনটির মাধ্যমে তুমি সুপরিচিত হতে চাও?**

**উত্তর:** নৈতিক গুণগুলোর মধ্যে সততার মাধ্যমে আমি সুপরিচিত হতে চাই।

## অতিরিক্ত প্রশ্ন ও উত্তর

### ❑ বাম অংশের সাথে ডান অংশ মিলকরণ

| | |
|---|---|
| ক) সততা | জীবনকে সুন্দরভাবে পরিচালনা |
| খ) নিয়মনিষ্ঠা | করে |
| গ) ন্যায়বোধ | সৎ পথে চলতে সাহায্য করে |

| | |
|---|---|
| ঘ) শিষ্টাচার | মন্দ কাজ |
| ঙ) উচ্চ শব্দে রেডিও, টিভি চালানো | মন্দ কাজ থেকে বিরত রাখে<br>মানুষের সাথে ভালো ব্যবহার শেখায় |

উত্তর :

ক) সততা **সৎ পথে চলতে সাহায্য করে।**

খ) নিয়মনিষ্ঠা **জীবনকে সুন্দরভাবে পরিচালনা করে।**

গ) ন্যায়বোধ **মন্দ কাজ থেকে বিরত রাখে।**

ঘ) শিষ্টাচার **মানুষের সাথে ভালো ব্যবহার শেখায়।**

ঙ) উচ্চ শব্দে রেডিও, টিভি চালানো **মন্দ কাজ।**

❑ **শুদ্ধ/ অশুদ্ধ নির্ণয়**

ক) সহপাঠী পেনসিল আনতে ভুলে গেলে পেন্সিল দিয়ে সাহায্য করা উচিত।

খ) জীবনকে সুন্দরভাবে পরিচালনার জন্য নৈতিক গুণের দরকার নেই।

গ) ন্যায়বোধের কারণে আমরা ভালো কাজে উৎসাহিত হই না।

ঘ) নৈতিক ও সামাজিক গুণ পরিবার ছাড়া বিদ্যালয় ও সমাজে অনুসরণ করার দরকার নেই।

ঙ) নৈতিক গুণ মানুষকে ভালো ও আদর্শ মানুষ হতে সাহায্য করে।

**উত্তর : ক) 'শুদ্ধ' খ) 'অশুদ্ধ' গ) 'অশুদ্ধ' ঘ) 'অশুদ্ধ' ঙ) 'শুদ্ধ'।**

❑ **শূন্যস্থান পূরণ**

**ক.** ভালো আচরণ করাই হলো ——— গুণ।

**খ.** ——— হলো আমাদের ভিতরের নৈতিক গুণাবলি।

**গ.** আমরা পরিবার, ——— ও ——— থেকে মূল্যবোধের শিক্ষা পাই।

**ঘ.** প্রতিদিন আমাদেরকে বিভিন্ন কাজের বিষয়ে ——— নিতে হয়।

**ঙ.** বন্ধুদের প্রতি আমরা ——— হব।

**উত্তর : ক. নৈতিক খ. মূল্যবোধ গ. সমাজ, বিদ্যালয় ঘ. সিদ্ধান্ত ঙ. সদয়।**

## বহুনির্বাচনি প্রশ্ন ও উত্তর

### ভালো হওয়া ও ভালো কাজ করা

➲ সাধারণ

**১. কোনটি নৈতিক গুণ?** ❹ঘ

ক বিপদে সাহায্য করা　খ মিলেমিশে চলা
গ অনুষ্ঠানে দাওয়াত দেওয়া　ঘ সত্য কথা বলা

**২. সমাজের সদস্যদের কোন আচরণকে সামাজিক গুণাবলি বলা হয়?** ক

ক ভালো　খ অসৎ
গ মন্দ　ঘ সব আচরণকেই

**৩. নিয়মনিষ্ঠা কোন ধরনের গুণ?** খ

ক সামাজিক　খ নৈতিক
গ অসামাজিক　ঘ সম্প্রীতিমূলক

**৪. আমাদের মন্দ কাজ থেকে বিরত রাখে ও ভালো কাজ করতে উৎসাহিত করে কোন গুণ?** ঘ

ক শ্রদ্ধা　খ নিষ্ঠা
গ শিষ্টাচার　ঘ ন্যায়বোধ

➲ যোগ্যতাভিত্তিক

**শিখনফল :** নৈতিক গুণ সম্পর্কে জানতে পারব।

**৫. সুমন সময়মতো পড়ালেখা, খেলাধুলা ও অন্যান্য কাজ করে। এগুলো তার কোন গুণের মধ্যে পড়ে?** গ

ক সততা　খ নিষ্ঠা
গ শৃঙ্খলাবোধ　ঘ কর্তব্যবোধ

**৬. দারোয়ান, আয়া ও অন্য সকলের সাথে ভালো ব্যবহার করা কোন ধরনের নৈতিক গুণ?** খ

ক ন্যায়বোধ　খ শিষ্টাচার
গ শৃঙ্খলাবোধ　ঘ দায়িত্ববোধ

**শিখনফল :** নৈতিক গুণের প্রয়োজনীয়তা উপলব্ধি করব।

**৭. তোমার জীবনকে সুন্দরভাবে পরিচালনা করতে সাহায্য করে কোনটি?** খ

ক সততা　খ নিয়মনিষ্ঠা

ⓖ ন্যায়বোধ ⓘ শৃঙ্খলাবোধ

৮. **কারও সাথে তুমি হঠাৎ ভুল আচরণ করলে। এখন তোমার কী করা উচিত?** **ঘ**

ক খুশি হওয়া উচিত

খ শাস্তি চাওয়া উচিত

গ ব্যাপারটি ভুলে যাওয়া উচিত

ঘ দুঃখ প্রকাশ করা উচিত

**একটি ঘটনা পড়ি**

➲ সাধারণ

৯. **কেউ ঘুমালে বা পড়তে বসলে জোরে শব্দ করা একটি–** **খ**

ক ভালো কাজ খ মন্দ কাজ

গ সামাজিক গুণ ঘ নৈতিক গুণ

১০. **আমরা কখন ঘুম থেকে উঠব?** **ক**

ক সকালে খ বিদ্যালয়ে যাওয়ার আগে

গ অনেক বেলা করে ঘ শেষ রাতে

১১. **শিক্ষক প্রশ্ন করলে আমাদের কী করা উচিত?** **খ**

ক চুপ করে থাকা

খ সঠিক উত্তর দিতে চেষ্টা করা

গ অন্য দিকে তাকিয়ে থাকা

ঘ ভুল উত্তর দেওয়া

১২. **শ্রেণিকক্ষ থেকে আমরা কীভাবে বের হয়?** **গ**

ক হৈ চৈ করে খ ধাক্কাধাক্কি করে

গ শৃঙ্খলার সাথে ঘ এলোমেলোভাবে

১৩. **খাওয়ার পর থালা বাটি আমরা কোথায় রাখব?** **ঘ**

ক যেখানে সেখানে খ খাটের নিচে

গ টেবিলের নিচে ঘ নির্দিষ্ট জায়গায়

➲ যোগ্যতাভিত্তিক

**শিখনফল :** বন্ধুর প্রতি সদয় হব।

১৪. **অনুর কলমের কালি শেষ হয়ে গেলে মিতু তাকে কলম দিয়ে সাহায্য করে। মিতুর কাজটি কোনটি দ্বারা প্রকাশ পায়?** **ক**

ক সদয় আচরণ খ শৃঙ্খলাবোধ

গ সততা ঘ নম্রতা

**শিখনফল :** ভালো কাজ শিখতে পারব।

১৫. **সুনীল বিদ্যালয়ে গিয়ে ভালো কাজ করতে আগ্রহী। এজন্য তাকে যে কাজটি করতে হবে–** **ক**

ক শ্রেণিকৰ পরিষ্কার রাখা

খ বন্ধুদের সাথে হাসাহাসি করা

গ না বলে সহপাঠীদের কলম নেওয়া

ঘ এলোমেলোভাবে বেঞ্চে বই রাখা॥

## সংক্ষিপ্ত প্রশ্ন ও উত্তর

১. **নৈতিক গুণ কী?**

**উত্তর :** সবার প্রতি ভালো আচরণ করা ও ভালো সম্পর্ক গড়ে তোলাই হলো নৈতিক গুণ।

২. **মূল্যবোধ কী?**

**উত্তর:** মূল্যবোধ হলো আমাদের ভেতরের নৈতিক গুণাবলি।

৩. **আমাদের আচরণ কী দ্বারা পরিচালিত হয়?**

**উত্তর:** আমাদের আচরণ নৈতিক গুণাবলি বা মূল্যবোধ দ্বারা চালিত হয়।

৪. **আমরা কোথায় মূল্যবোধের শিক্ষা পাই?**

**উত্তর:** আমরা পরিবার, বিদ্যালয় ও সমাজ থেকে মূল্যবোধের শিৰা পাই।

৫. **ন্যায়নিষ্ঠার ফলাফল কী?**

**উত্তর :** ন্যায়নিষ্ঠার কারণে আমরা সকল বন্ধুর প্রতি ন্যায়সঙ্গত আচরণ করি।

৬. **প্রতিবেশীদের সাহায্য করা কীরূপ কাজ?**

**উত্তর :** প্রতিবেশীদের সাহায্য করা ভালো বা উচিত কাজ।

৭. **কোন গুণ আমাদের ভালো মানুষ হিসেবে গড়ে তোলে?**

**উত্তর:** নৈতিক গুণ আমাদের ভালো মানুষ হিসেবে গড়ে তোলে।

৮. **মন্দ কাজ করলে সমাজের কী ক্ষতি হয়?**

**উত্তর :** মন্দ কাজ করলে সমাজে ঝগড়া–বিবাদ সৃষ্টি হয়। সমাজের শান্তি বিনষ্ট হয়।

## কাঠামোবদ্ধ প্রশ্ন ও উত্তর

➲ সাধারণ

১. **নৈতিক গুণ ও সামাজিক গুণ কেন প্রয়োজন? দুটি করে নৈতিক ও সামাজিক গুণের নাম লেখ। নৈতিক গুণের ২টি ইতিবাচক দিক লেখ।**

**উত্তর :** জীবনকে সুন্দরভাবে পরিচালনার জন্য নৈতিক গুণ ও সামাজিক গুণ প্রয়োজন। দুটি নৈতিক ও সামাজিক গুণ হলো যথাক্রমে– শিষ্টাচার ও ন্যায়বোধ এবং কারো বিপদে সাহায্য করা ও বড়দের শ্রদ্ধা করা।

নৈতিক গুণ দুটির ২টি ইতিবাচক দিক হলো :

র. ন্যায়বোধ আমাদের মন্দ কাজ থেকে বিরত রাখে।

রর. শিষ্টাচার মানুষকে ভালো ব্যবহার শিক্ষা দেয়।

২. **মূল্যবোধ কোন ধরনের গুণ? ৪টি মূল্যবোধের ফলাফল লেখ।**

**উত্তর:** মূল্যবোধ হলো আমাদের ভেতরের নৈতিক গুণাবলি। ৪টি মূল্যবোধের ফলাফল নিচের ছকে দেওয়া হলো ঃ

| মূল্যবোধ | ফলাফল |
|---|---|
| সততা | অন্যরা আমাদের বিশ্বাস করেন। |
| ন্যায়নিষ্ঠা | আমরা সকল বন্ধুর প্রতি ন্যায়সংগত আচরণ করি। |
| শৃঙ্খলা | আমরা সঠিক আচরণ করি ও নিয়ম মেনে চলি। |
| নম্রতা | অন্যরা আমাদের শ্রদ্ধা করেন। |

৩. **আমরা কীভাবে সুন্দর সমাজ গড়ে তুলতে পারি? সুন্দর সমাজ গড়ে তুলতে ৪টি করণীয় লেখ।**

**উত্তর :** ভালো আচরণের মাধ্যমে আমরা একটি সুষ্ঠু ও সুন্দর সমাজ গড়ে তুলতে পারি। সুন্দর সমাজ গড়ে তুলতে ৪টি করণীয় হলো :

র. ছোটদের দেখাশোনা করা।

রর. বড়দের প্রতি শ্রদ্ধাশীল হওয়া

ররর. প্রতিবেশীদের শ্রদ্ধা করা

রা. কেউ বিপদে পড়লে তাকে সাহায্য করা

➲ <u>যোগ্যতাভিত্তিক</u>

৪. **গত সপ্তাহে তুমি দুটি ঘটনার সম্মুখীন হয়েছিলে। প্রথম ঘটনা: তোমার পাশের বাসায় আগুন লাগে। অন্যান্য মানুষের সাথে সাথে তুমিও আগুন নেভাতে এগিয়ে গেলে।**

**দ্বিতীয় ঘটনা : গতকাল তুমি স্কুলে যাওয়ার সময় দেখতে পেলে রাস্তার উল্টো পাশে এক অন্ধ ব্যক্তি রাস্তা পার হতে পারছে না। তুমি এগিয়ে গিয়ে হাতে ধরে তাকে রাস্তা পার করে দিলে।**

**এই ঘটনা দুটোর কোনটিতে তোমার সামাজিক গুণ আর কোনটিতে তোমার নৈতিক গুণ ফুটে উঠেছে? এ দুটি গুণচর্চার দুইটি করে ইতিবাচক দিক লেখ।**

**উত্তর:** উল্লিখিত ঘটনা দুটোর প্রথমটিতে আমার সামাজিক গুণ ও দ্বিতীয়টিতে নৈতিক গুণ ফুটে উঠেছে।

সামাজিক গুণের দুটি ইতিবাচক দিক হলো–

র. এ গুণ সমাজে ঐক্য, শান্তি, সম্প্রীতি ও সহযোগিতার মনোভাব তৈরি করে।

রর. সকলকে মিলেমিশে চলতে সাহায্য করে।

নৈতিক গুণের দুটি ইতিবাচক দিক হলো–

র. এ গুণ মানুষকে ভালো ও আদর্শ মানুষ হতে সাহায্য করে।

রর. সৎ পথে চলতে সাহায্য করে।

৫. **নৈতিক গুণাবলির গুরুত্ব কী?**

**উত্তর :** মানুষ হিসেবে প্রতিটি মানুষেরই নৈতিক গুণ থাকা প্রয়োজন। নৈতিক গুণাবলি মানুষকে ভালো ও আদর্শ মানুষ হতে সাহায্য করে। নিচে কয়েকটি নৈতিক গুণের গুরুত্ব দেওয়া হলো :

র. সততা আমাদের সৎ পথে পরিচালিত করে।

রর. নিয়মনিষ্ঠা আমাদের জীবনকে সুন্দরভাবে চালায়।

ররর. ন্যায়বোধ আমাদের মন্দ কাজ হতে বিরত রাখে ও ভালো কাজ করতে উৎসাহিত করে।

রা. শিষ্টাচারের কারণে আমরা মানুষের সাথে ভালো ব্যবহার করি।

এসব নৈতিক গুণ আমাদের ভালো মানুষ হিসেবে গড়ে তোলে। তাই জীবন ও সমাজকে সুন্দরভাবে গঠনের জন্য নৈতিক গুণাবলির গুরুত্ব অনেক।

৬. **পলাশ পরীক্ষায় খারাপ ফলাফল করছে। তার প্রতি তোমার ৫টি পরামর্শ লেখ।**

**উত্তর :** পলাশের প্রতি আমার ৫টি পরামর্শ হলো :

র. তাকে সকালে ঘুম থেকে উঠতে হবে।

রর. সময়মতো বিদ্যালয়ে উপস্থিত থাকতে হবে।

ররর. শিক্ষকের প্রশ্নের সঠিক উত্তর দেওয়ার চেষ্টা করতে হবে।

রা. সহপাঠীদের প্রতি সদয় হতে হবে।

া. ছুটির পর সহপাঠীর জন্য অপেক্ষা করতে হবে।